# All India Science Teachers' Association, West Bengal
# SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST - 2025

**Time : 1 hr. 45 min.** **Full Marks : 60**

## তৃতীয় শ্রেণি

**নির্দেশাবলী :** 1) উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, শ্রেণি, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। 2) প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের ওপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ○○⊗○; এখানে সঠিক উত্তর c)। **3) প্রতি ঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ৩টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে।** 4) প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তর পত্রটি জমা দেবে। 5) প্রয়োজনবোধে রাফ্ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারো। 6) কোনো প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⊗ চিহ্ন দাও।

1. যে খেলা খেলতে বেশি ছুটতে হয় সেটি হল

   a) ফুটবল  b) কবাডি  c) কানামাছি  d) স্কিপিং

2. যে খেলায় পায়ের চেয়ে হাতের ব্যবহার অনেক বেশি সেটি হল

   a) ক্রিকেট  b) ক্যারাম  c) ব্যাডমিনটন  d) কানামাছি

3. চোখ বাঁধা থাকলে আমরা বেশি ভালো করে কাজে লাগাই

   a) নাক  b) কান  c) চামড়া  d) a) থেকে c) সবগুলো

4. জোরে ছুটলে আমরা হাঁপিয়ে যাই। তখন আমরা ঘনঘন

   a) শ্বাস নিই  b) শ্বাস ছাড়ি  c) জল খাই  d) a) ও b) দুটোই

5. আমরা খুব ঘামি যখন আমরা

   a) ছুটি  b) হাঁটি  c) হাঁটার পর থামি  d) a) ও b) দুটোই

6. ঘরে বসে খেলতে হয় এমন একটা খেলা হল

   a) দাবা  b) কানামাছি  c) কবাডি  d) a) ও b) দুটোই



Scanned with OKEN Scanner

7. খাদ্যবস্তু হিসাবে ডিম ও দুধের প্রধান মিল এই যে দুটোই

a) সাদা রঙের b) প্রাণী থেকে পাওয়া যায়

c) খেতে ভালো d) গোরুরা খায়

8. নীচের পাখিগুলোর মধ্যে আকারে সবচেয়ে ছোট হল

a) কাক b) টিয়া c) চড়াই d) দোয়েল

9. যে পাখির গায়ের পালকের বেশিটাই এক রঙের সেটি হল

a) চড়াই b) পায়রা c) টিয়া d) শালিখ

10. অনেকটা একইভাবে ছোটে

a) শিম্পাঞ্জি ও কুকুর b) কাঠবিড়ালি ও বেজি

c) বেজি ও সাপ d) কাঠবিড়ালি ও এমু

11. টক স্বাদ হতে পারে এমন একটা খাবার হল

a) ঢেঁড়স b) পটল c) ঝিঙা d) টমাটো

12. কিছু ফলে খাদ্য অংশ থাকে বীজের ভিতরের অংশে। তেমন একটা ফল হল

a) নারকেল b) আম c) জাম d) পেয়ারা

13. শরীরের পেশি গঠনে যে খাবারগুলি বিশেষভাবে দরকার সেগুলি হল

a) ভাত ও রুটি b) মাছ ও মাংস

c) আলু ও পেঁয়াজ d) আম ও কাঁঠাল

14. কিছু ফলের বীজের উপরের শাঁস এবং বীজ দুটিই খাওয়া যায়। এমন একটি ফল হল

a) আম b) লিচু c) আতা d) কাঁঠাল

15. ফল পাকানোর জন্য নানারকম পাতার মধ্যে পুষ্ট ফল রাখা হয়। এমন করার আসল উদ্দেশ্য ফলগুলো

a) গরম রাখা b) নরম রাখা c) ঠাণ্ডা রাখা d) শক্ত রাখা

16. আমরা কচি তালের যে অংশ খাই সেটা হল তালের

a) বীজের বাইরের অংশ b) খোসা বাদ দিয়ে বাকি সবটা

c) বীজের ভিতরের অংশ d) a) ও c) দুটোই



Scanned with OKEN Scanner

17. তালের রস পাওয়া যায় তাল

a) এর শাঁস থেকে　　b) এর বীজ থেকে

c) গাছের পাতা থেকে　　d) গাছের কান্ড থেকে

18. যে দুটির ঘসা লাগায় দেশলাই কাঠি জ্বলে ওঠে তারা হল

a) কাঠি ও বাক্স　　b) কাঠি ও বারুদ

c) বারুদ ও বারুদ　　d) কাঠি ও কাঠি

19. বনের গাছে মাঝে মাঝে আগুন জ্বলে

a) শুকনো কাঠে কাঠে ঘসা লেগে　　b) গাছের কোটরে উৎপন্ন তাপ থেকে

c) গাছের মূলের তাপ থেকে　　d) সূর্যের তাপ থেকে

20. আদিম মানুষরা গুহায় আগুন এনে রাখা শুরু করে

a) খাবার গরম করার জন্য　　b) খাবার টাটকা রাখার জন্য

c) খাবার পুড়িয়ে সিদ্ধ করার জন্য　　d) a) ও c) দুটোই

21. একটি খেলায় একই দলের একজনের পোশাকের রং আলাদা। সেই খেলাটি হল

a) ক্রিকেট　　b) ফুটবল　　c) কবাডি　　d) a) ও b) দুটোই

22. কার্পাস গাছ থেকে তুলো হয়। তা থেকে কাপড় তৈরির সুতো হয়। তুলো পাওয়া যায় কার্পাস কাছের

a) ফলের শাঁস থেকে　　b) পাতা থেকে

c) পাতার রস থেকে　　d) কাণ্ডের রস থেকে

23.আমরা সোয়েটার পরি যে দুই মাসে সে দুটি মাস হল

a) ডিসেম্বর ও জানুয়ারি　　b) মার্চ ও এপ্রিল

c) জুন ও জুলাই　　d) আগস্ট ও সেপ্টেম্বর

24.তৈরি করতে কর্নিক লাগে এমন বস্তু হল

a) কাঠের টেবিল　　b) মাটির বাড়ি

c) ইটের বাড়ি　　d) লোহার আলমারি



Scanned with OKEN Scanner

25.যা দিয়ে মানুষের প্রথম পোশাক তৈরি হয়ে থাকতে পারে তা হল

a) উল b) সিন্থেটিক কাপড় c) সুতির কাপড় d) পশুর চামড়া

26.আগেকার দিনে যেটার পাশে মানুষ বসতি তৈরি করত সেটা হল

a) পাহাড় b) নদী c) জঙ্গল d) a) এবং c) দুটোই

27.কপালে জলপটি দিলে আরাম হয় যে অসুখে সেটি হল

a) মাথার যন্ত্রণা b) চোখের যন্ত্রণা c) জ্বর d) জন্ডিস

28. চিঠিতে সম্পূর্ণ ঠিকানা লেখা হয় চিঠিটা

a) সুন্দর করার জন্য b) কাকে দিতে হবে তা বোঝার জন্য

c) কে দিচ্ছে তা বোঝার জন্য d) b) এবং c) দুটোই

29.তুলনায় যে প্রাণির বাচ্চাদের বেশিদিন আগলে রাখতে হয় তারা হল

a) বিড়াল b) কুকুর c) পাখি d) মানুষ

30.আধুনিককালে শুরু হয়েছে এমন একটা জীবিকা হল

a) চুল কাটা b) ফটোকপি করা

c) রাজমিস্ত্রির কাজ করা d) ঘড়ি মেরামত করা

31.২০২০ কে ৪ দিয়ে ভাগ করলে ভাগফল হবে

a) ৫৫ b) ৫৫০ c) ৫০৫ d) ৫০৪

32.একটি সংখ্যার এককের, শতকের এবং দশকের অঙ্ক যথাক্রমে ৩, ৪ এবং ৫। সংখ্যাটি হল

a) ৩৪৫ b) ৪৫৩ c) ৩৫৪ d) ৫৪৩

33.২০ থেকে ৫০ পর্যন্ত সব কটি পূর্ণসংখ্যা লিখতে হলে ২ লিখতে হবে মোট

a) ১৩টি b) ১৪টি c) ১১টি d) ১০টি

34.৮ + ৯ – ৫ কে আর যে ভাবে লেখা যাবে তা হল

a) ৬ + ৫ – ১ b) ৬ + ৪ – ২ c) ৬ + ৮ – ২ d) ৬ + ৯ – ৪

35.৮৫ কে ১৫ দিয়ে গুণ করলে এককের ঘরের সংখ্যাটি হবে

a) ৬ b) ০ c) ৫ d) ৪



Scanned with OKEN Scanner

36.যে সংখ্যাটি দিয়ে ৬ এবং ৯ দুটোকেই ভাগ করা যায় তা হল

a) ২ b) ৩ c) ৬ d) ৯

37. কলকাতা থেকে শিলিগুড়ির দূরত্ব মাপা হয়

a) কিলোমিটারে b) মিলিমিটারে c) সেন্টিমিটারে d) গ্রামে

38. বিমান ২ অক্টোবর মামাবাড়ি বেড়াতে গিয়েছিল। একই বছরের ৫ নভেম্বর সে বাড়ি ফিরে এসেছে। বিমানের মামাবাড়ি থাকার দিন সংখ্যা

a) ৩১ b) ৩২ c) ৩৪ d) ৩৩

39.বাচ্চাদের প্রত্যেককে ৪টি করে আম দিতে হবে। ১২৮টি আম কতজনকে দেওয়া যাবে?

a) ১২৪ b) ৩২ c) ১৩২ d) ২৮

40.একটি বাস ৩ ঘন্টায় দীঘা থেকে কলকাতা পৌঁছোয়। বাসটি ১ ঘন্টা ২০ মিনিট চলার পর একটি জায়গায় পৌঁছায়। আর যত সময় চলতে পারলে বাসটি কলকাতা পৌঁছাবে তা হল

a) ১ ঘন্টা ২০ মিনিট b) ২ ঘন্টা

c) ১ ঘন্টা d) ১ ঘন্টা ৪০ মিনিট

41.একটা বেঞ্চে সর্বাধিক ৫ জন ছাত্র বসতে পারে। ১২টা বেঞ্চে ছাত্র বসতে পারে সর্বাধিক

a) ৬২ জন b) ৭০ জন c) ৫০ জন d) ৬০ জন

42. ৪৪৪ + ৪৪ – ৪০০ থেকে ২২ বিয়োগ করলে হবে

a) ৪৪ b) ৬৬ c) ৪০ d) ৬০

43. তিন শত তিন ও তিনের গুণফল হল

a) ৩০০৩ b) ৯০৯ c) ৯৩৯ d) ৩০৩৩

44.তিন অঙ্কের সবচেয়ে বড় যে সংখ্যা চার দিয়ে বিভাজ্য সেটা হল

a) ৯৯৪ b) ৯৯৬ c) ৯ ৯৮ d) ১০০০

45. ঘড়ির ঘন্টার কাঁটা একবার পূর্ণ ঘুরতে সময় লাগে

a) ৬ ঘন্টা b) ১০ ঘন্টা c) ১২ ঘন্টা d) ১৫ ঘন্টা



Scanned with OKEN Scanner

46.১৮০ মিনিট সময় কত ঘন্টার সমান?

a) ২ b) ৪ c) ৫ d) ৩

47.তৃতীয় শ্রেণির গণিত বইয়ের উপরতল হল

a) বর্গাকার b) আয়তাকার c) বৃত্তাকার d) ত্রিভুজাকার

48.একটা গরু, চারটে ছাগল আর পাঁচটা মুরগির পায়ের মোট সংখ্যা

a) ৩০ b) ৩২ c) ২৪ d) ২৮

49.১১ ও ১৯ -এর মধ্যে জোড় সংখ্যাগুলির যোগফল

a) ৫৪ b) ৫৫ c) ৫৮ d) ৬০

50. ০ থেকে ১০ পর্যন্ত সব পূর্ণ সংখ্যাগুলির গুণফল

a) ১০০ b) ৫০ c) ৬০ d) ০

51.১০০০ এর আগের ও পরের জোড় সংখ্যাদুটি যথাক্রমে

a) ৯৯৮ ও ১০০২ b) ৯৯০ ও ১০১০

c) ৯৯৬ ও ৯৯৮ d) ৯৯৯ ও ১০০১

52.আমার কাছে একটা একশ, একটা পঞ্চাশ, একটা কুড়ি আর একটা দশ টাকার নোট আছে। আমার কাছে মোট টাকা আছে

a) ১২০ b) ১৮০ c) ১৭০ d) ১৬০

53.একটা কলম কিনতে বিনি দোকানিকে একশ টাকার একটা নোট দিল। দোকানি বিনিকে ৩টে ১০ টাকার নোট ফেরত দিলেন। কলমের দাম ছিল

a) ৩০ টাকা b) ৭০ টাকা c) ২০ টাকা d) ৫০ টাকা

54.এক ডলার মানে ৯০ টাকা। মিনির কাছে ৮৫ ডলার আছে। মিনির কাছে টাকা আছে

a) ১৭৫০ b) ৭৬৫০ c) ৬৭৮০ d) ৬৫৭০

55.দুটি সংখ্যার যোগফল ৬৬০। ছোট সংখ্যাটি ১০৫ হলে বড়টি হল

a) ৬০০ b) ৫৫০ c) ৫৫৫ d) ৬০৫

56.একটি দেশলাই বক্সের তল সংখ্যা হল


a) ৩ b) ৪ c) ৬ d) ৮



Scanned with OKEN Scanner

57.নীচের চিত্রগুলির মধ্যে ত্রিভুজটি হল


a)


b)


c)


d)

58.৭০০ কে পরপর ৭ ও ১০ দিয়ে ভাগ করা হল। চূড়ান্ত ভাগফল হবে

a) ৭ b) ১০ c) ৭০ d) ১০০

59.যে ঘনবস্তুর সমস্ত তল বর্গাকার তা হল

a) ঘনক b) চোঙ c) গোলক d) আয়তঘন

60.পাঁচ টাকার কয়েন হল একটি

a) ঘনক b) চোঙ c) গোলক d) বৃত্ত

Scanned with OKEN Scanner